দর্শনার জয়নগর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ৫৮ বোতল ফেনসিডিল উদ্ধার

দর্শনা ৬ বিজিবি অভিযান চালিয়ে জয়নগর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ৫৮ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে দর্শনা জয়নগর আইসিপি ক্যাম্প কমান্ডার এনামুল কবিরের নেতৃত্বে অভিযান চালায় জয়নগর মাঠে। এ সময় বিজিবি কয়েকজন লোক মাঠে ঘাস বোঝায় করে নিয়ে যাচ্ছে।এতে করে বিজিবির সন্দেহ হলে তাদেরকে দাঁড়াতে বলে তারা ঘাসের বস্তা ফেলে দিয়ে দৌড়ে পালিয়ে যায়।

পরে বিজিবি ঘাসের বস্তা খুলে ৫৮ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। এ ঘটনায় তারা কোনো চোরাচালানীকে আটক করতে পারেনী।

চুয়াডাঙ্গায় দুর্ঘটনা কবলিত পিকআপ ভ্যান থেকে ৭৭০ বোতল ফেনসিডিল উদ্ধার

চুয়াডাঙ্গায় একটি দুর্ঘটনাকবলিত পিকআপ ভ্যান থেকে ৭৭০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে পুলিশ। রোববার সকালে শহরের সিএন্ডবি পাড়া থেকে পিকআপটি জব্দ করা হয়। তবে এসময় কাউকে আটক করতে পারেনি পুলিশ।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, চুয়াডাঙ্গা দিয়ে একটি ফেনসিডিলের চালান পাচার হবে। এমন তথ্য পেয়ে শহরের সিএন্ডবি পাড়ায় অভিযান চালায় সদর থানা পুলিশের এসআই মেফাউল হাসান। এসময় সন্দেহজনক একটি পিকআপ সড়কের পাশে দুর্ঘটনাকবলিত অবস্থায় পাওয়া যায়। পরে ওই পিকআপটি জব্দ করে বিশেষ কায়দায় লুকানো ৭৭০ বোতল

ফেনসিডিল উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান জানান, এ ঘটনায় থানায় মামলা দায়ের করা হয়েছে। পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান তিনি।

চুয়াডাঙ্গায় পুলিশের মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল উদ্ধার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ কর্তৃক মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৩৩ (তেত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা দিকনির্দেশনায় চুয়াডাঙ্গা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ আনোয়ার হোসেনের নেতৃত্বে এসআই (নিঃ)/ কৃপা সিন্ধু মৃধা সঙ্গীয় অফিসার ফোর্সসহ চুয়াডাঙ্গা থানা এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনাকালে গত বুধবার রাত এগারোটার সময় চুয়াডাঙ্গা পৌরসভাধীন ঝিনাইদহ বাসস্ট্যান্ড এ অবস্থিত ডিলাক্স নামক বাস কাউন্টারের সামনে পৌঁছালে পলাতক আসামী মোঃ আব্দুর রউফ ওরফে রব (৪৫), পিতা- মোঃ আনোয়ার হোসেন, সাং-দিগড়ী ইসলামপুর (ডোমচারা), থানা ও জেলা-চুয়াডাঙ্গা পুলিশের উপস্থিতি টের পেয়ে ৩৩ (তেত্রিশ) বোতল ফেন্সিডিল ফেলে পালিয়ে যায় এবং উক্ত ফেনসিডিল পুলিশ উদ্ধার করে।

পলাতক আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু হয়।

গাংনীতে মাদক বিক্রেতাকে ধাওয়া করে দুর্ঘটনার স্বীকার দুই পুলিশ

মেহেরপুরের গাংনী উপজেলার মোমিনপুর গ্রামে মাদক বিক্রেতার মোটরাসাইকেলের সাথে পুলিশের মোটরাসাইকেলের মুখোমুখি সংঘর্ষে পুলিশের দুই সদস্য মারাত্বক আহত হয়েছেন।

এরা হলেন, গাংনী থানায় কর্মরত কনস্টেবল তৈয়ব আলী ও কনস্টেবল তানভীর আহমেদ।
আজ বুধবার (৩১ মে) বিকালের দিকে এই ঘটনা ঘটে।

তাদের দুজনকে উদ্ধার করে প্রথমে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে তানভীর আহমেদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে ১৪৭ বোতল ফেনসিডিল একটি মোটরাসাইকেল ও মোবাইল ফোন উদ্ধার করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক বলেন, গাংনী উপজেলার মোমিনপুর এলাকা দিয়ে ফেনসিডিলের একটি চালান যাচ্ছে এমন সংবাদের ভিত্তিতে এএসআই রাসেল আহম্মেদ ও তার অপর তিন সঙ্গী নিয়ে সেখানে যান। একটি মোটরাসাইকেলে দুজনকে আসতে দেখে কনেস্টাবল তানভীর ও তৈয়ব আলী থামানোর চেষ্টা করে। এসময় মাদক ব্যবসায়ীরা পালনোর চেষ্টা করে। এসময় পুলিশের গাড়িও তাদের তাড়া করে। এক পর্যায়ে পুলিশের মোটরসাইকেলকে ধাক্কা দিয়ে পালানোর চেষ্টা করলে দুটো মোটরাসাইকেল দুর্ঘটনায় পতিত হয়। এসময় মাদক বিক্রেতারাও আহতাবস্থায় পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ১৪৭ বোতল ফেনসিডিল, একটি মোটরসাইকেল ও মোবাইল ফোন উদ্ধার করা হয়।

ওসি আব্দুর রাজ্জাক আরও বলেন, মাদক বিক্রেতাদের ধরতে এলাকায় অভিযান শুরু করা হয়েছে।

মুজিবনগরে ১০০ বোতল ফেনসিডিল উদ্ধার, আসামি পলাতক

পুলিশের মাদক মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে মুজিবনগরে ১০০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ। এ সময় ২ মাদক ব্যাবস্যায়ী পালিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) মেহেদি রাসেল জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমার নেতৃত্বে শুক্রবার (৭ জানুয়ারি) দিবাগত রাত্রি ২টার সময় মুজিবনগর থানা পুলিশের এস আই উত্তম কুমার,এস আই সাহেব আলীসহ সঙ্গীয় ফোর্স উপজেলার জয়পুর গ্রামস্থ ময়নাতলা মাঠে অভিযান চালিয়ে ১০০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেন।

ওসি জানান, এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে দুজন মাদক ব্যবসায়ী ফেন্সিডিল ফেলে পালিয়ে যায়। উদ্ধারকৃত ফেন্সিডিলের মূল্য অনুমান ২ লক্ষ টাকা।

পলাতক আসামীদের গ্রেফতার অভিযান অব্যাহত আছে। পলাতক আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।